



মশা নির্মূল, ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধের মূল

ডেঙ্গু ও চিকুনগুনিয়া একটি ভাইরাসজনিত রোগ। এডিস মশার মাধ্যমে এ রোগ ছড়ায়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু ও চিকুনগুনিয়া সেরে যায়, তবে হেমোজেরিক ডেঙ্গু জ্বর মারাত্মক হতে পারে।

**বর্ষা মৌসুমে এ রোগের প্রকোপ বাড়াতে পারে।
তাই বর্ষায় অধিক সতর্ক থাকুন।**

ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধের উপায়

- মশার প্রজনন স্থল ধ্বংস করুন
- আপনার ঘরে এবং আশেপাশে যেকোনো পাত্রে বা জায়গায় জমে থাকা পানি তিন দিন পর পর ফেলে দিলে এডিস মশার লার্ভা মরে যাবে
- ফুলের টব, প্লাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের ড্রাম, মাটির পাত্র, বালতি, টিনের কৌটা, ডাবের খোসা/নারকেলের মালা, কন্টেইনার, মটকা, ব্যাটারি শেল ইত্যাদিতে এডিস মশা ডিম পাড়ে
- ব্যবহৃত পাত্রের গায়ে লেগে থাকা মশার ডিম অপসারণে পাত্রটি ঘষে পরিষ্কার করুন
- অব্যবহৃত পানির পাত্র ধ্বংস বা উল্টে রাখুন
- রাতে বা দিনে ঘুমানোর সময় মশারি ব্যবহার করুন
- স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করুন
- দৈনন্দিন জীবনে প্লাস্টিক পণ্য ব্যবহার পরিহার করুন



ডেঙ্গু ও চিকুনগুনিয়া হলে নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করুন

**মশা নিধন করুন
ডেঙ্গু ও চিকুনগুনিয়া মুক্ত থাকুন**



স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়